# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অর্থ বিভাগ

www.badc.gov.bd


স্মারক নম্বর-১২.০৬.০০০০.২৩১.৩৬.০০৩.১৯- ৬২৪

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩২ / ২৪ সেপ্টেম্বর ২০২৫

বিষয়ঃ **সংস্থার নিজস্ব আয় পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।**

সূত্র: ১। কৃষি মন্ত্রণালয় প্রশাসন-৪ (বাজেট) অধিশাখার স্মারক-৪২৬, তারিখ: ১১ সেপ্টেম্বর, ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের বর্ণনা মোতাবেক ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত বীজ উৎপাদন সংক্রান্ত ৭টি সাব-কার্যক্রমের নিজস্ব আয় এবং বিএডিসি'র নিজস্ব আয় সংক্রান্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামোতাবেক

২৪/৯/২০২৫
রুনা লায়লা
মহাব্যবস্থাপক (অর্থ) চ: দা:
বিএডিসি, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাব্যবস্থাপক (বীজ/উদ্যান/এএসসি/পাটবীজ), বিএডিসি, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
৩। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা।
৪। প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, ঢাকা।
৫। নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৬। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ক:গ্রো:/বীপ্রস),বিএডিসি, ঢাকা।
৭। যুগ্ম পরিচালক(সবজি বীজ/ বিআমক)বিএডিসি, ঢাকা।
৮। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা: **ওয়েবসাইটে প্রকাশের জন্য।**
৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা (০১টি সভার কার্যবিবরণীতে মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ এবং অন্য সভার সিদ্ধান্ত মহোদয়কে অবগত করার অনুরোধ করা হলো।
১০। সদস্য পরিচালক (অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (০১টি সভার কার্যবিবরণীতে মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ এবং অন্য সভার সিদ্ধান্ত মহোদয়কে অবগত করার অনুরোধ করা হলো।
১১। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা (০১টি সভার কার্যবিবরণীতে মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ এবং অন্য সভার সিদ্ধান্ত মহোদয়কে অবগত করার অনুরোধ করা হলো।
১২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কৃষি মন্ত্রণালয়**
**প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা**
(www.moa.gov.bd)

স্মারক নং-১২.০০.০০০০.০২২.২০.০১৯.২৩-৪২৬

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ / ১১ সেপ্টেম্বর ২০২৫

বিষয়: সংস্থার নিজস্ব আয় পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

কৃষি মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের নিজস্ব আয় পর্যালোচনা সংক্রান্ত সভা দু'টি গত ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখ সকাল ১০.০০ টা ও সকাল ১০.৩০ টায় অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

১১।০৯।২০২৫
মাহমুদা
উপসচিব
ফোন : ৫৫১০১০৮১
ই-মেইল : moabudget@yahoo.com

**বিতরণ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৫. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, শেরেবাংলা নগর, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮. মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর।
১০. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

**অনুলিপি সদয় অবগতির জন্য :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন)) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং)) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা

বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন বীজ উৎপাদন সংক্রান্ত ৭টি সাব-কার্যক্রমের বাজেট বরাদ্দ/ব্যয় এর বিস্তারিত আলোচনা সংক্রান্ত অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>কৃষি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৪ সেপ্টেম্বর ২০২৫, সকাল ১০.০০ টা |
| স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-৫১৭) |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেটে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক বাস্তবায়নাধীন ''বীজ উৎপাদন সংক্রান্ত ৭টি সাব-কার্যক্রমের'' নিজস্ব আয়ের পুনঃসংশোধিত বার্ষিক ব্যয় বিভাজন অনুমোদন এবং সে আলোকে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৫) কিস্তির অর্থ ব্যয়ে সম্মতি প্রদানকালে সচিব মহোদয় নিম্নোক্ত তথ্য প্রতিবেদন আকারে পেশ করার নির্দেশনা দেন:

'বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন ''বীজ উৎপাদন সংক্রান্ত ৭টি সাব-কার্যক্রমের'' নিজস্ব আয়ের তৃতীয় কিস্তির ব্যয় অনুমোদন নেয়া হয়েছে ২২ মে ২০২৫ তারিখ। চতুর্থ কিস্তি একমাস পরে অর্থাৎ জুন মাসে ব্যয় অনুমোদন চাওয়া হয়েছে। খরচ করে ব্যয় অনুমোদন চাওয়া প্রত্যাশিত নয়। বিষয়গুলো পর্যালোচনাপূর্বক প্রয়োজনে বিএডিসি'র মতামত গ্রহণপূর্বক বাস্তব অবস্থা জেনে মতামতসহ একটি প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো'।

২.০ উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সভাকে আরও জানান যে, উক্ত নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক বাস্তবায়নাধীন বীজ উৎপাদন সংক্রান্ত ৭টি সাব-কার্যক্রমের ২০২৪-২৫ অর্থবছরের নিম্নোক্ত তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয় :

- ২০২৪-২৫ অর্থবছরে অর্থনৈতিক কোড ভিত্তিক নিজস্ব আয়ের পরিমাণ এবং ব্যাংক হিসাব বিবরণী;
- ২০২৪-২৫ অর্থবছরের পরিচালন বাজেটে নিজস্ব আয়/প্রাপ্তি হতে ব্যয়ের পরিমাণ (অর্থনৈতিক কোড ভিত্তিক);
- নিজস্ব আয় হতে পরিচালন বাজেটের ব্যয় নির্বাহ করার বিষয়ে আর্থিক বিধান/ক্ষমতা বিএডিসি এর কাছে আছে কিনা ? সে বিষয়ে তার প্রমাণক; এবং
- ২০২৪-২৫ অর্থবছরে ৩য় কিস্তি এবং ৪র্থ কিস্তির অর্থ ব্যয়ের অনুমোদনের প্রস্তাব সময়মত না চাওয়ার বিষয়ে ব্যাখা/মতামত প্রদান।

**৩.০ আলোচনা/পর্যালোচনা :**

৩.১ মন্ত্রণালয়ের চাহিত তথ্য : ২০২৪-২৫ অর্থবছরে অর্থনৈতিক কোড ভিত্তিক নিজস্ব আয়ের পরিমাণ এবং ব্যাংক হিসাব বিবরণী ?

বিএডিসি হতে প্রাপ্ত তথ্য :

| ২০২৪-২৫ অর্থবছরের নিজস্ব আয়ের বিবরণ | নিজস্ব আয়/প্রাপ্তি হতে ব্যয়ের পরিমান | অব্যয়িত/ফেরত |
|---|---|---|
| ৫৮৪১৬.৫৬০৪ | ৫৮১৩৩.১০৯১ | ৭৪৭২.৫৯৮০ |

মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ: উক্ত আয়-ব্যয়ের তথ্যে টাকার অংকে একক নেই।

৩.২ ২০২৪-২৫ অর্থবছরের পরিচালন বাজেটে নিজস্ব আয়/প্রাপ্তি হতে ব্যয়ের পরিমাণ (অর্থনৈতিক কোড ভিত্তিক) ?

বিএডিসি হতে প্রাপ্ত তথ্য : পতাকা-ক

মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ : শুধু বীজ সংক্রান্ত তথ্য প্রদান করা হয়েছে। বিএডিসি আইন-২০১৮ এর ২৭ অনুযায়ী কর্পোরেশন সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতি অর্থবৎসরে সম্ভাব্য আয় ও ব্যয় এবং উক্ত অর্থবৎসরে সরকারের নিকট হতে কি পরিমাণ অর্থের প্রয়োজন হবে তা উল্লেখ করে বাজেট বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন।

৩.৩ নিজস্ব আয় হতে পরিচালন বাজেটের ব্যয় নির্বাহ করার বিষয়ে আর্থিক বিধান/ক্ষমতা বিএডিসি এর কাছে আছে কিনা ? সে বিষয়ে তার প্রমাণক ?

বিএডিসি হতে প্রাপ্ত তথ্য: (ক) বিএডিসি আইন-২০১৮ এর ধারা ২০ (৪) অনুযায়ী কর্পোরেশন প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদন ক্রমে, নিজস্ব অর্থায়নে কার্যক্রম, কর্মসূচি ও প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে পারিবে (সংযুক্ত-গ)।

(খ) কৃষি মন্ত্রণালয়, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখার অর্থ মঞ্জরীর আদেশ এর শর্ত নং (vi) বীজ বিক্রয় থেকে অর্জিত আয় পরবর্তীতে বীজ উৎপাদন কাজের জন্য ব্যয় করতে হবে (সংযুক্তি-ঘ)

উল্লিখিত প্রমাণকের আলোকে নিজস্ব আয় হতে পরিচালন বাজেটের ব্যয় নির্বাহ করার বিষয়ে আর্থিক বিধান/ক্ষমতা বিএডিসির রয়েছে।

মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ : বিএডিসি আইন-২০১৮ এর ২০ (২) অনুযায়ী কোন কার্যক্রম কর্মসূচি বা প্রকল্প গ্রহণের প্রস্তাবে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে, যথা-

ক) বিস্তারিত বিবরণ এবং বাস্তবায়নের পদ্ধতি ও কৌশল;

খ) সম্ভাব্য ব্যয়;

গ) প্রত্যাশিত আয় ও সেবার বিবরণ;

ঘ) উপকারভোগীদের ভৌত ও আর্থিক সুবিধা প্রাপ্তির বিবরণ; এবং

ঙ) অর্জিত হইতে পারে এইরূপ লক্ষ্যমাত্রা।

উল্লেখিত বিষয়সমূহ অর্ন্তভুক্ত করে প্রস্তাব প্রেরন করা প্রয়োজন।

৩.৪ ২০২৪-২৫ অর্থবছরে ৩য় কিস্তি এবং ৪র্থ কিস্তির অর্থ ব্যয়ের অনুমোদনের প্রস্তাব সময়মত না চাওয়ার বিষয়ে ব্যাখা/মতামত প্রদান?

বিএডিসি হতে প্রাপ্ত তথ্য: (ক) জিওবি বাবদ বরাদ্দকৃত অর্থ আইবাস++(পিএল) হিসাবের মাধ্যমে পরিশোধের ক্ষেত্রে প্রাথমিকভাবে জটিলতার কারণে প্রস্তাব প্রেরণে বিলম্ব হয়েছে; এবং

(খ) ৩য় ও ৪র্থ কিস্তির ব্যয় অনুমোদনের পূর্বে বাজেট পুন: বিন্যাসের প্রয়োজন হয়েছে বিধায় প্রস্তাব বিলম্ব হয়েছে।

মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ : নির্ধারিত সময়ের মধ্যে অর্থছাড়ের প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন।

৪.০। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে প্রতি অর্থবৎসরে সম্ভাব্য আয় ও ব্যয় এবং সরকারের নিকট হতে কি পরিমাণ অর্থের প্রয়োজন হবে তার বিস্তারিত বিবরণ অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

খ. বিএডিসি-কে নিজস্ব অর্থায়নে কার্যক্রম, কর্মসূচি ও প্রকল্প প্রস্তাবে বিএডিসি আইন ২০১৮ এর ২০ (২) এ উল্লেখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং

গ. নির্ধারিত সময়ের মধ্যে অর্থছাড়ের প্রস্তাব প্রেরণ করতে হবে।

৫.০ পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৮/২৫

মোহাং শওকত রশীদ চৌধুরী
অতিরিক্ত সচিব (প্রশাসন)
কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা

কৃষি মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের নিজস্ব আয় মনিটরিং সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাং শওকত রশীদ চৌধুরী<br>অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>কৃষি মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৪ সেপ্টেম্বর ২০২৫, সকাল ১০.৩০ টা |
| স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৪, কক্ষ নং-৫১৭) |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন দেশের সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করাই সরকারের আর্থিক ব্যবস্থাপনার মূল লক্ষ্য। আর সেই লক্ষ্য অর্জনের জন্য কৃষি মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থাসমূহকে বরাদ্দকৃত বাজেটের যথাযথ ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সংস্থাওয়ারী সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সভাকে জানান যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রতিবছরই বাজেট পরিপত্র-১ জারি করা হয়। উক্ত পরিপত্রে কৃষি মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণ করা থাকে। বিগত ০৬ বছরের বাজেট পর্যালোচনায় দেখা যায় খাতওয়ারী প্রতি খাতেই বাজেট বৃদ্ধিসহ মোট বাজেট বৃদ্ধি করা হয় কিন্তু নিজস্ব আয় বৃদ্ধি করা হয় না। সংস্থাওয়ারী খাতভিত্তিক বিস্তারিত আলোচনার নিমিত্ত আজকের এই সভা আয়োজন করা হয়েছে।

**২.০** : উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সভাকে জানান যে, বিগত ০৬ বছরে সংস্থাওয়ারী বাজেট বরাদ্দ ও নিজস্ব আয়ের তুলনামুলক বিবরণী পর্যালোচনা করে দেখা যায় প্রতিবছরেই বাজেট বৃদ্ধি হয়েছে কিন্তু নিজস্ব আয় বৃদ্ধি হয়নি যা নিম্নরূপ :

**সংস্থাওয়ারী বাজেট ও নিজস্ব আয়**

| সংস্থার নাম | বাজেটের ধরণ | অর্থবছর (অংকসমূহ লক্ষ টাকায়) | | | | | | আলোচনা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | |
| বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | অনুদান | ৪৯৮০০.০০ | ৫০৭৬৩.০০ | ৫১০২০.০০ | ৪৯০০০.০০ | ৫০০০০.০০ | ৪৮৪৯৩.০৬ | বিএডিসি'র নিজস্ব আয়ের তথ্য বাজেট প্রাক্কলণের সময় তা প্রতিফলিত করার সুপারিশ করা হয়। |
| | আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৭১৭০১.০০ | |
| বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | অনুদান | ২৬৭৬৮.০০ | ২৯৯১৩.০০ | ৩১৮৭২.০০ | ৩২৪৯৭.০০ | ৩৫০০০.০০ | ৩৪৭৮৭.০৯ | বারি'র বিবিধসহ নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ৫৮৩.৯২ | ৫৮৩.৯২ | ৫৮০.০০ | ৫৮০.০০ | ৫৮০.০০ | ৮০০.০০ | |
| বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | অনুদান | ১০৯২৮.০০ | ১০৫০৮.৯৭ | ১১৯৫৪.০০ | ১২৪০০.০০ | ১৩৮০০.০০ | ১৩৬০৪.৬৩ | ব্রি'র নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৩০০.০০ | |
| বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | অনুদান | ২৮৮১.০০ | ৩০৫০.০০ | ৩৯৭৪.০০ | ৩৬০০.০০ | ৪৮২২.০০ | ৪০৭৬.২৮ | বিএআরসি'র ক্যাম্পাসের ব্যাংক ভাড়া বাবদ বছরে যে ১০.০০ লক্ষ আয় হয় তা বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ৮.৫০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | |
| বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | অনুদান | ৪৭৩৫.০০ | ৪৯৫৭.০০ | ৫১৩৯.০০ | ৫৩২৩.০০ | ৫৬০০.০০ | ৫৬৫২.৬২ | বিজেআরআই এর নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২২০.০০ | |

| সংস্থার নাম | বাজেটের ধরণ | অর্থবছর (অংকসমূহ লক্ষ টাকায়) | | | | | | আলোচনা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | |
| বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট | অনুদান | ৩৪৫৩.০০ | ৩৫৪২.০০ | ৪২০৬.০০ | ৪১৯৫.০০ | ৪৩৫০.০০ | ৪০৫৩.০২ | বিএসআরআই এর নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ৩৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ | ৬০.০০ | |
| বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | অনুদান | ৫৫৮৪.০০ | ৫৭৯৩.০০ | ৬১৬২.০০ | ৫৯৪২.০০ | ৬৪০০.০০ | ৬২৬৫.২৬ | বিনা এর নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় ৫০.০০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৭০.০০ লক্ষ টাকা করার সুপারিশ করা হয়। |
| | আয় | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | |
| বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট | অনুদান | ১৫৮৯.০০ | ১৯৮৪.০০ | ২২৭৪.০০ | ২৫০০.০০ | ৩০০০.০০ | ২৯৪১.৬৬ | বিডব্লিউএমআরআই এর নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ | ৮৭.০০ | |
| বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | অনুদান | ২০৮৮.০০ | ২১৬৩.০০ | ২৩৪৩.০০ | ২৫৮৪.০০ | ৩১০০.০০ | ২৪৩৩.২৬ | বারটানের'র নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |
| | আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০. ০০ | ৫.০০ | |
| বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | নিজস্ব আয় | ২৩৬২৪.৫৮ | ২৩৮৪৪.৭৫ | ২৪১৬৩.৭৬ | ২৬৫৫৫.০০ | ২৭২৮১.০০ | ২৮৬০৫.০০ | বিএমডিএ এর নিজস্ব আয় আরও বৃদ্ধির সুপারিশ করা হয়। |

৩.০। সভায় কৃষি মন্ত্রণালয়ের অধীন সংস্থার প্রস্তাবিত নিজস্ব আয় নিয়ে বিশদভাবে পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) বিএডিসি'র নিজস্ব আয়ের তথ্য, বাজেট প্রাক্কলণের সময় তা প্রতিফলিত করতে হবে;

খ) বারি'র বিবিধসহ নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে;

গ) ব্রি'র নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে;

ঘ) বিএআরসি'র অন্য কোন আয়ের খাত আছে কিনা পর্যালোচনা করতে হবে এবং ক্যাম্পাসের ব্যাংক ভাড়া বাবদ বছরে যে ১০.০০ লক্ষ আয় হয় তা বৃদ্ধি করতে হবে;

ঙ) বিজেআরআই এর নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে;

চ) বিএসআরআই এর নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে;

ছ) বিনা এর নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় ৫০.০০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ৭০.০০ লক্ষ টাকা করতে হবে;

জ) বিডব্লিউএমআরআই এর নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে;

ঝ) বারটানের'র নিজস্ব আয়ের খাত বৃদ্ধি করে নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে; এবং

ঞ) বিএমডিএ এর নিজস্ব আয় আরও বৃদ্ধি করতে হবে।

৪.০ পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০২/২৫

মোহাং শওকত রশীদ চৌধুরী
অতিরিক্ত সচিব (প্রশাসন)
কৃষি মন্ত্রণালয়